

প্রিয় প্রার্থনার দল,

সম্প্রতি আমার জীবনে একটি আশার ঋণ এসেছিল যখন আমার আবার মনে পড়ল যীশুতে আমাদের প্রতি সেই ধনের কথা যা প্রকাশ পায় সেই সকল জীবনের মধ্যে দিয়ে যেগুলি ভগ্ন ও চূর্ণ। এই বিষয়ের কারণ, বাঁচানোর শক্তি শুধু ঈশ্বর থেকেই আসে, আমাদের মধ্যে থেকে না (২ করিন্থীয় ৪:৭ পদ)। এই পদটিকে সাধু পৌল করিন্থীয় মন্ডলীকে উৎসাহ দেয় সেই সুখবরের দ্বারা যা হল আমাদের সাধারণ জীবনের দ্বারা প্রকাশিত যীশুর পরিগ্রহের মধ্যে দিয়ে আশা ও সুস্থতা লাভ করা, যেটি তিনি তুলনা করেন সাধারণ ও সহজে ভেঙে যায় এমন মাটির পাত্রের সঙ্গে।

আমি খুব বিবীত এটা ভেবে যে, সাধু পৌল প্রভু যীশুতে সেই আশার বাণীর তুলনায় নিজের অযোগ্যতা বুঝতে পেরেছিল (ইফিসীয় ৩:৭-৯ পদ)। আমি বিশ্বাস করি যে, প্রভু যীশু চান যেন আমরা বুঝতে পারি এই পার্থক্যটা। যেন আর কোন প্রশ্ন না ওঠে এই সুসমাচারের উৎস ও তার শক্তি নিয়ে। পরিগ্রহ হল ঈশ্বরের কার্য আমাদের নয় (১ করিন্থীয় ২:৫, ৩:৭ পদ)।

কিন্তু এখনও আমরা কি করে সেইরূপ জীবনযাপন করব যে জীবন ঐশ্বরিক শক্তিতে আশায় পরিপূর্ণ যখন প্রতিদিন আমরা নানা পরীক্ষার ও তার সহনের সম্মুখীন হই?

চক্ষু নয় কিন্তু বিশ্বাসের দ্বারা চলা: সাধু পৌলকে যা ধারণ করতে সাহায্য করেছিল তাহলো এই পৃথিবীতে জীবনের অস্থায়ীতার জ্ঞান (২ করিন্থীয় ৪:১৮ পদ)। সাধু পৌল করিন্থীয় মন্ডলীকেও আমাদেরকে উৎসাহিত করেছেন যেন আমরা আমাদের কঠিন পরিস্থিতির দিকে না দেখি কিন্তু যেন মন দিই প্রভু যীশুতে আমাদের ভবিষ্যতের দিকে।

এটাই ছিল পৌলের জীবন। তাঁর কাছে যদি পছন্দ থাকত, তাহলে তিনি হয়ত এই পৃথিবী ছেড়ে ঈশ্বরের সাথে থাকার ইচ্ছাটাকেই বেছে নিতেন (ফিলিপীয় ১:২১-২৩ পদ)। আপনি কি কোন দিনও এইভাবে ভেবেছেন? আমি এইভাবে ভেবেছি একটি ট্রায়ালের চলাকালীন কিন্তু আমাকে পুনরায় জীবিত করে এটি জানতে যে, সারা পৃথিবীর মধ্যে নারী ও পুরুষেরা প্রার্থনা ও যাক্ষা করছে যেন তিনি শক্তি, আশা ও সুস্থতা প্রদান করে আমাদের এই সকল কঠিন পরীক্ষার সময়গুলিতে।

উদ্যম করা কারণ পুরস্কার আছে: যখন সাধু পৌল সারা পৃথিবীর সঙ্গে প্রভু যীশুর সুসমাচারের কথা ভাগ করে নিয়েছিলেন তখন আরও অনেক বেশী মানুষ ঈশ্বরের উদারতা ও ধার্মিকতার কথা শিখল ও জানতে পারল। অনেকে যারা এই বার্তা শুনল তারা বিশ্বাস করল, পরিগ্রহ পেল ও ধন্যবাদ দিল (২ করিন্থীয় ১:৬, ১২, ১৪ পদ)। আজকে, আমরা সেই একই জিনিসের অভিজ্ঞতা করি যখন আমরা ঈশ্বরের বাক্যের প্রতি নির্ভর করে জীবনযাপন করি এবং বিশ্বাস করি যে, আমাদের এই ঋণস্থায়ী সহনের থেকেও আমাদের জন্য রাখা আছে আরও বড় পুরস্কার (২ করিন্থীয় ৪:১৬-১৭ পদ)। আমরা যেন প্রার্থনার ও কাজের মধ্যে দিয়ে অপরের কাছে এই অনুগ্রহকে বিস্তৃত করতে পারি। আমাদের নিজেদের জীবনে প্রভু যীশুর মধ্যে দিয়ে লাভ করা আশা ও সুস্থতার সাক্ষ্য দিয়ে।

প্রত্যেকদিন আমরা একটি আশার মুহূর্তকে উপলব্ধি করতে পারি। ঈশ্বর প্রার্থনার মধ্য দিয়ে আমাদের জীবনে কাজ করছেন। তিনি আমাদের চীন দেশে বসাবাসকারী বোনদের কথা ভুলে যাননি এবং আমাদের নিয়মিত প্রার্থনায় তাদেরকে ও তাদের দৈনন্দিন সমস্যাকে ঈশ্বরের কাছে তুলে ধরা উচিত। নিজেদের বিশ্বাসে শক্ত হয়ে দাঁড়িয়ে থাক এবং বিশ্বাস কর যে, একটা পবিত্র জীবনযাপনের জন্য তোমাদের আজ যা যা প্রয়োজন সব আছে এখন আমরা আমাদেরকে দত্ত সেই ঐশ্বরিক শক্তির কাছে নত হই যা আমাদের প্রভু যীশু খ্রীষ্ট ও ঈশ্বরের জ্ঞানের মধ্যে দিয়ে এসেছে (২ পিতর ১:৩-৪ পদ)।

ঈশ্বর আপনাকে আশীর্বাদ করুন,

পেগি বাক্স

গ্লোবাল মিনিস্ট্রি ডায়রেক্টর

প্রজেক্ট হান্না ।